মোংলায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালিত

মোংলায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।দিবসটি উপলক্ষে বৃহস্পতিবার (১৫ আগস্ট) সকালে মোংলা উপজেলা ও পৌর আওয়ামীলীগের উদ্যোগে দলীয় কার্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন,জাতীয় পতাকা উত্তোলন ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন উপমন্ত্রী বেগম হাবিবুন নাহার। এতে আরো উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি সুনীল কুমার বিশ্বাস, সাধারন সম্পাদক ইব্রাহিম হোসেন, পৌর আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব শেখ আব্দুস সালাম ও সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা শেখ আব্দুর রহমান, পৌর যুবলীগ সভাপতি আলহাজ্ব শেখ কামরুজ্জামান জসিম, পৌর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক সাখাওয়াত হোসেন মিলন, পৌর যুব মহিলালীগের সভানেত্রী সুমী লীলাসহ আওয়ামীলীগ,যুবলীগ, ছাত্রলীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

দোয়া মাহফিল শেষে বেলা ১১ টায় মোংলা উপজেলা ও পৌর আওয়ামীলীগের উদ্যোগে দলীয় কার্যালয় থেকে শোক র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার দলীয় কার্যালয়ে এসে শেষ হয়।

অপরদিকে মোংলা উপজেলা প্রশাসনের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে বৃহস্পতিবার (১৫ আগস্ট) সকালে মোংলা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন,জাতীয় পতাকা উত্তোলন ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা রাহাত মান্নানের নেতৃত্বে একটি শোক র্যালী শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে আবার উপজেলা চত্বরে এসে শেষ হয়। র্যালীতে আরো অংশগ্রহন করেন উপজেলা চেয়ারম্যান আবু তাহের হাওলাদার, মোংলা থানার অফিসার ইনচার্জ ইকবাল বাহার চৌধুরী, উপজেলা পরিষদের পদস্থ কর্মকর্তাসহ বিভিন্ন

শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র- ছাত্রী, এনজিও প্রতিষ্ঠানের প্রতিনিধি, গ্রাম পুলিশ ও আনসার বাহিনীর সদস্যরা।